

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ৭, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ০৫ অক্টোবর ২০১৭

নং ১৭.০০.৮৬১৪.০৩৫.৪৬.১৩৬.১২-৫৫৭।—“যেহেতু মাননীয় আপিল বিভাগ সিপিএলএ নং-২৫৭৯/২০১৭ এর বিগত ১৭ জুলাই ২০১৭ তারিখের আদেশে রিট পিটিশনটির Rule discharged সহ Leave petition টি disposed of করেছেন; এবং যেহেতু উক্ত আদেশে আদেশের তারিখ হতে ০৬ (ছয়) সপ্তাহের মধ্যে আপিল কর্তৃপক্ষকে আপিলটি নিষ্পত্তির নির্দেশ প্রদান করেছেন; এবং এর প্রেক্ষিতে বিজ্ঞ আপিল ট্রাইব্যুনালে দায়েরকৃত আপিল মোকদ্দমা নং-০১/২০১৭ এর বিগত ১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখের রায়ে নির্বাচনি ট্রাইব্যুনাল ও সিনিয়র সহকারী জজ, সদর (চিকন্দী চৌকি), শরীয়তপুরে দায়েরকৃত নির্বাচনি মোকদ্দমা-০৪/২০১৬ এর ৩১ মে ২০১৭ তারিখের প্রদত্ত রায়/আদেশ বহাল বলবৎ রাখায় উক্ত রায়/আদেশ অনুযায়ী শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলার দক্ষিণ তারাবুনিয়া ইউনিয়ন পরিষদের নির্বাচনে চেয়ারম্যান পদে জনাব শাহজালাল মাল-কে বিজয়ী ঘোষণা করায় নির্বাচন কমিশন এতদ্বারা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় জুন ২১, ২০১৬ তারিখে প্রকাশিত ১০৬৫৪ নং পৃষ্ঠার ১ নং কলামে বর্ণিত ‘দক্ষিণ তারাবুনিয়া’ এর বিপরীতে ২ নং কলামে বর্ণিত ‘নুর উদ্দীন, পিতা-আঃ মালেক, গ্রাম-দর্জিকান্দি’ এর পরিবর্তে ‘শাহজালাল মাল, পিতাঃ মাহাম্মদ মাল, গ্রাম-খলিল মাল কান্দি’ এবং ৩ নং কলামে বর্ণিত ‘বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’ এর পরিবর্তে ‘বাংলাদেশ আওয়ামী লীগ’ শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিল।”

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ নুরুজ্জামান তালুকদার
উপসচিব (নিঃ পঃ-২)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

(১০৬২৫)

মূল্য : টাকা ৪.০০